

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ  
বাংলাদেশ ব্যাংক  
প্রধান কার্যালয়  
ঢাকা।

বিআরপিডি সার্কুলার লেটার নং- ০১

মার্চ ২৮, ২০১৩  
তারিখ : -----  
চৈত্র ১৪, ১৪১৯

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী  
বাংলাদেশে কার্যরত সকল তফসিলী ব্যাংক।

প্রিয় মহোদয়,

মাতৃত্বকালীন ছুটির মেয়াদ নির্ধারণ প্রসঙ্গে।

শিরোনামোক্ত বিষয়ে বিআরপিডি সার্কুলার লেটার নং-০২, তারিখঃ ফেব্রুয়ারি ১০, ২০১১ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ কর্তৃক জারিকৃত জানুয়ারি ০৯, ২০১১ তারিখের এস.আর.ও নং-০৫/নথি নং ০৭.১৭৫.০০৮.০৮.০০.০০১.২০০০/আইন/২০১১(কপি সংযুক্ত) এর আলোকে আপনাদের ব্যাংকে কর্মরত মহিলা কর্মকর্তা/কর্মচারীদের মাতৃত্বকালীন ছুটির মেয়াদ ৬ (ছয়) মাসে উন্নীতকরণের বিষয়টি ব্যাংকের মানব সম্পদ ব্যবস্থাপনা সংক্রান্ত নীতিমালায় অন্তর্ভুক্ত করতে হবে। এ বিষয়ে আপনাদের ব্যাংকের পরিচালনা পর্ষদের অনুমোদন গ্রহণপূর্বক প্রণীত নীতিমালা অত্র বিভাগে মে, ২০১৩ এর মধ্যে প্রেরণ করার জন্য আপনাদেরকে নির্দেশ প্রদান করা যাচ্ছে।

এ নির্দেশ অবিলম্বে কার্যকর হবে।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

সংযুক্তিঃ ০১(এক)

আপনাদের বিশ্বস্ত,



(মোঃ আনোয়ারুল ইসলাম)  
উপমহাব্যবস্থাপক  
ফোন: ৯৫৩০০৯৪

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, জানুয়ারি ১০, ২০১১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ  
প্রবিধি অনুবিভাগ  
প্রবিধি শাখা-৫  
প্রজ্ঞাপন

তারিখ, ২৬ পৌষ ১৪১৭ বঙ্গাব্দ/০৯ জানুয়ারি ২০১১ খ্রিস্টাব্দ

এস, আর, ও নং ০৫/নথি নং ০৭.১৭৫.০০৮.০৮.০০.০০১.২০০০/আইন/২০১১।—  
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১৩৩ অনুচ্ছেদের শর্তাংশে প্রদত্ত ক্ষমতাবলে মহামান্য রাষ্ট্রপতি,  
বাংলাদেশ সরকারি কর্ম কমিশন এর সহিত পরামর্শক্রমে, Bangladesh Service Rules (Part-1)  
এর rule 197 এর sub-rule (1) নিম্নরূপে অধিকতর সংশোধন করিলেন, যথা গাঁ

উপরি-উক্ত Rules এর rule 197 এর sub-rule (1) এর পরিবর্তে নিম্নরূপ sub-rule (1)  
প্রতিস্থাপিত হইবে, যথা গাঁ—

“(1) Where a female Government servant applies for maternity leave, the authority mentioned in rule 149 or, rule 150, as the case may be, shall grant such leave for a period of six months from the date of commencement of the leave or her confinement for the purpose of delivery, whichever is earlier.”।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ ইমদাদুল হক  
অতিরিক্ত সচিব।

মোঃ মাহুম খান (উপ-সচিব), উপ-পরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।  
মোঃ মজিবুর রহমান (যুগ্ম-সচিব), উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,  
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd

( ১৫৯ )

মূল্য : টাকা ২.০০